দৈনিক
আমাদের সময়

17 AUG 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# কারিগরি শিক্ষাই এখন যুগোপযোগী শিক্ষা

—শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ● উচ্চশিক্ষায় শিক্ষিত দক্ষতাহীন বিপুলসংখ্যক তরুণ বেকার থাকলেও কারিগারি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণ নিয়ে কাউকে বেকারত্বের বোঝা বইতে হয় না। কারিগরি শিক্ষাই এখন যুগোপযোগী শিক্ষা। সরকার এ শিক্ষার ওপর সর্বাধিক গুরুত্ব দিচ্ছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল রাজধানীর আগারগাঁওয়ে ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে এসব কথা বলেন। এদিন সারা দেশে একযোগে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসহ ১১৭টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে ১ম বর্ষ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি হওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়। এ উপলক্ষে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন শিক্ষামন্ত্রী।

তিনি কারিগরি শিক্ষায় ভর্তি হওয়া শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, তোমরাই সঠিক সিদ্ধান্ত নিয়েছ, চার বছর পর পড়ালেখা শেষ করেই চাকরি পাবে। প্রয়োজনে উচ্চশিক্ষার দ্বারও তোমাদের জন্য উন্মুক্ত থাকবে।

শিক্ষার্থীদের জঙ্গিবাদ, মাদক, বাজে আড্ডা ইত্যাদি থেকে দূরে থাকার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, মা-বাবা, পরিবার, সমাজ, জাতি সবাই তোমাদের দিকে তাকিয়ে আছে, তোমরাই জাতির ভবিষ্যৎ। শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধসম্পন্ন দেশপ্রেমিক প্রযুক্তিদক্ষ সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

অনুষ্ঠানে জানানো হয়, কারিগরি শিক্ষায় ভর্তি হওয়া শতভাগ মেয়ে এবং ৫০ ভাগ ছেলে মাসে ৮০০ টাকা করে স্টাইপেন্ড পাবে। তবে প্রত্যেকের ক্লাসে হাজিরা ৮০ শতাংশ এবং সব বিষয়ে পাস করতে হবে। দক্ষিণ কোরিয়া উন্নয়ন বিশ্বকে তাক লাগিয়ে দিচ্ছে, সেখানে এখন কারিগরি এনরোলমেন্ট ৯৬ শতাংশ।